



গোপালগঞ্জ পৌরসভা কার্যালয়

গোপালগঞ্জ ।

www.gopalganjpourashava.org

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- গোঃপৌঃ/সাঃ-৩৭২/২০২৩-২৪/

তারিখ :

গোপালগঞ্জ পৌর পরিষদের ১২ নং সাধারণ সভার কার্য-বিবরণী

সভাপতি : জনাব শেখ রকিব হোসেন
মেয়র, গোপালগঞ্জ পৌরসভা ।
স্থান : পৌরসভা সম্মেলন কক্ষ ।
তারিখ : ২২ জুন ২০২৩ ইং ।
সময় : বেলা ১১.০০ ঘটিকা ।

সভায় উপস্থিত কাউন্সিলরদের নাম (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট “ক” এবং কর্মকর্তা/কর্মচারীদের নাম পরিশিষ্ট “খ”তে দেখানো হলো ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । তিনি জানান গোপালগঞ্জ পৌরসভার ২০২৩-২০২৪ অর্থ বছরের খসড়া বাজেট গত ১৪/৬/২০২৩ তারিখের পৌরসভার সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভায় আলোচনান্তে অনুমোদিত হয়েছে । উক্ত বাজেট গত ২০/৬/২০২৩ তারিখে জনগনের মতামতের জন্য গনশুনানি অনুষ্ঠিত হয়েছে এবং গত ২১/৬/২০২১ তারিখে টিএলসিসি এর বিশেষ সভায় বাজেটের কয়েকটি খাত হ্রাস বৃদ্ধি করে চূড়ান্ত করা হয়েছে । তিনি ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট গোপালগঞ্জ পৌরসভার হিসাব সহকারী, জনাব শাহ মোঃ রওশন হাবিব-কে খাতওয়ারি সভায় উপস্থাপন করার নির্দেশ দেন ।

১ নং আলোচনা : (গোপালগঞ্জ পৌরসভার ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট প্রসঙ্গে) : গোপালগঞ্জ পৌরসভার হিসাব রক্ষক, গোপালগঞ্জ পৌরসভার ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট সভায় উপস্থাপন করেন । এতে গোপালগঞ্জ পৌরসভার ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেটে মোট আয় ধরা হয়েছে ২৭৬,২০,৬৪,৮১০.৮৬ (দুইশত ছিয়াত্তর কোটি বিশ লক্ষ চৌষট্টি হাজার আটশত দশ টাকা ছিয়াশি পয়সা) টাকা । তন্মধ্যে রাজস্ব খাতে প্রারম্ভিক স্থিতি আয় ধরা হয়েছে ১,১১,২৫,৮৪৪.৩০ (এক কোটি এগার লক্ষ পঁচিশ হাজার আটশত চুয়াল্লিশ টাকা ত্রিশ পয়সা) টাকা, রাজস্ব আয় ধরা হয়েছে ৩০,৬২,৪৪,৬০০.০০ (ত্রিশ কোটি বাষট্টি লক্ষ চুয়াল্লিশ হাজার ছয়শত) টাকা ।

বাজেটে মোট ব্যয় ধরা হয়েছে ২৬৮,৯৯,৬৬,৪৭২.৫৫ (দুইশত আটষট্টি কোটি নিরানব্বই লক্ষ ছেষট্টি হাজার চারশত বাহাত্তর টাকা পঞ্চাশ পয়সা) টাকা । তন্মধ্যে রাজস্ব খাতে ব্যয় ধরা হয়েছে ৩০,১৭,৯০,০০০.০০ (ত্রিশ কোটি সতের লক্ষ নব্বই হাজার) টাকা, বাজেটে মোট উদ্বৃত্ত ধরা হয়েছে ১,১১,২৫,৮৪৪.৩০ (এক কোটি এগার লক্ষ পঁচিশ হাজার আটশত চুয়াল্লিশ টাকা ত্রিশ পয়সা) টাকা । হিসাব রক্ষক টিএলসিসি এর সভায় চূড়ান্তকৃত প্রতিটি খাত সভায় উপস্থাপন করেন । উপস্থাপিত বাজেটের উপর সভায় বিশদ আলোচনা করা হয় ।

সিদ্ধান্ত : এ ব্যাপারে বিস্তারিত আলোচনান্তে রাজস্ব খাতে (প্রারম্ভিক জেরসহ) আয় ৩১,৭৩,৭০,৪৪৪.৩০ টাকা, প্রকল্পসহ উন্নয়ন খাতে আয় ২৪৪,৯৮,৪৮,৯৬৬.৬৬ টাকা, সর্বমোট আয় ২৭৬,২০,৬৪,৮১০.৮৬ টাকা । এবং রাজস্ব খাতে ব্যয় ৩০,১৭,৯০,০০০.০০ টাকা, উন্নয়ন খাতে ব্যয় ২৩৮,৮১,৭৬,৪৭২.৫৫ টাকা সর্বমোট ব্যয় ২৬৮,৯৯,৬৬,৪৭২.৫৫ টাকা । বাজেটের উদ্বৃত্ত এর পরিমাণ ৭,২০,৯৮,৩৩৮.৩১ টাকা । বর্ণিত ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট সর্ব সম্মতক্রমে অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয় । তাছাড়া ২০২২-২০২৩ অর্থ বছরের ৮৭,৭৫,১৪,৮৬২.২৬ টাকা আয় এবং ৭৬,৫৪,৭৪,৩২৩.৭০ টাকা ব্যয় এর সংশোধিত বাজেট সর্ব সম্মতভাবে অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

১২/৬/২৩
(শেখ রকিব হোসেন)

মেয়র

গোপালগঞ্জ পৌরসভা ।

